রোনালদোর জোড়া গোল, ফাইনালের পথে জুভেন্টাস

ক্রিশ্চিয়ানো রোনালদোর জোড়া গোলে ইতালিয়ান কাপের ফাইনালের পথে আরও একধাপ এগিয়ে গেল জুভেন্টাস।

মঙ্গলবার রাতে সান সিরোয় সেমি-ফাইনালের প্রথম লেগে ইন্টার মিলানকে ২-১ গোলে হারিয়েছে ইতালিয়ান চ্যাম্পিয়নরা। আগামী ৯ ফেব্রুয়ারি জুভেন্টাস স্টেডিয়ামে হবে দ্বিতীয় লেগ।

ক’দিন আগে জুভেন্টাসকে হারিয়ে দিয়েছিল ইন্টার মিলান। মঙ্গলবার রাতেও খেলার শুরুতেই আবারও এগিয়ে গিয়েছিল ইন্টার মিলান। তবে এবার রক্ষা হয়নি। ক্রিশ্চিয়ানো রোনালদোর জোড়া গোলে মধুর প্রতিশোধ নিয়েছে আন্দ্রেয়া পিরলোর দল।

নবম মিনিটে এগিয়ে যায় ইন্টার। নিকোলো বারেল্লার চমৎকার স্কয়ার পাস ধরে জানলুইজি বুফ্ফনকে ফাঁকি দেন লাউতারো মার্তিনেস। সোমবার কন্যা সন্তানের বাবা হওয়া আর্জেন্টাইন ফরোয়ার্ডের সৌজন্যে ঘরের মাঠে ইন্টারের শুরুটা হয় দারুণ।

১৬ দিন আগে সেরি আর ম্যাচে মিলানের এই দলটির বিপক্ষে হেরে যাওয়া জুভেন্টাস যেন জেগে ওঠে পিছিয়ে পড়ার পর। ২৬তম মিনিটে সফল স্পট কিকে সমতা টানেন রোনালদো।

হুয়ান কুয়াদরাদোকে অ্যাশলি ইয়াং মৃদু টান দিলে ভিএআরের সাহায্য নিয়ে পেনাল্টি দেন রেফারি। ফেদেরিকো বের্নারদেস্কির ক্রসও ছিল কুয়াদরাদোর নাগালের সম্পূর্ণ বাইরে।

৩৫তম মিনিটে সফরকারীদের এগিয়ে নেন রোনালদো। ডিফেন্ডার আলেসান্দ্রো বাস্তোনি ও গোলরক্ষক সামির হান্দনোভিচের ভুল বোঝাবুঝির সুযোগ কাজে লাগিয়ে ফাঁকা জালে বল পাঠান এই পর্তুগিজ ফরোয়ার্ড।

দ্বিতীয়ার্ধের শুরুতে বাড়তে পারতো ব্যবধান। বের্নারদেস্কির শট এক জনের গায়ে লেগে দিক পাল্টে চলে যাচ্ছিল জালে। তবে দারুণ দক্ষতায় ঠেকিয়ে দেন ইন্টার গোলরক্ষক।

খানিক পরে গোল লাইন থেকে আলেক্সিস সানচেসের শট ফিরিয়ে

জুভেন্টাসের ত্রাতা তুর্কি ডিফেন্ডার দেমিরাল। ৬৮তম মিনিটে সুযোগ আসে মাত্তেও দারমিয়ানের সামনে। নিজের ১১০০তম ম্যাচে দুর্দান্ত এক সেভে খুব কাছ থেকে তার চেষ্টা ব্যর্থ করে দেন বুফ্ফন।

বাকি সময়ে জুভেন্টাসকে প্রবলভাবে চেপে ধরলেও হার এড়াতে পারেনি আন্তোনিও কন্তের দল।

অন্য সেমি-ফাইনালে নাপোলির প্রতিপক্ষ আটালান্টা।

মুশফিককে ছাড়িয়ে বেশি দূরে যেতে পারলেন না তামিম

বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ব্যাট করছে বাংলাদেশ। টস জিতে ব্যাটিংয়ে নেমে শুরুতেই তামিম ইকবালকে হারিয়েছে টাইগাররা।

টেস্টে বাংলাদেশের সর্বোচ্চ রান সংগ্রাহক হওয়ার কিছুক্ষণ পরেই ৯ রান করে সাজঘরে ফিরেন তামিম ইকবাল। ১৫ বলে ২ চারে ৯ রান করেন তামিম। ক্যারিবীয় ফাস্ট বোলার কেমার রোচের করা ইনিংসের পঞ্চম ওভারে লেন্থ বলে শট খেলতে এগিয়ে এসেছিলেন তামিম। কিন্তু দ্রুতগতির বল তার ব্যাট ও প্যাডের ফাঁক গলে স্ট্যাম্প ভেঙে দেয়।

এদিন ৯ রান করে মুশফিকুর রহিমকে টপকে যান তিনি। টেস্টে মুশফিকের রান ৪ হাজার ৪১৩। তামিমের ৪ হাজার ৪১৪। মুশফিক এখনো ব্যাটিংয়ে নামেননি। তাই তার সামনে সুযোগ আছে ওপেনারকে ছাড়িয়ে যাওয়ার।

এর আগে চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে দুই ম্যাচ সিরিজের প্রথম ম্যাচে টস জিতে আগে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নিয়েছেন বাংলাদেশ অধিনায়ক মুমিনুল হক।

এ প্রতিবেদন লেখা পর্যন্ত ২২ ওভার শেষে ১ উইকেট হারিয়ে বাংলাদেশের সংগ্রহ ৬১ রান। সাদমান ইসলাম ৩১ ও নাজমুল হোসেন শান্ত ২১ রানে ব্যাট করছেন।

বাংলাদেশে আসছে দক্ষিণ আফ্রিকা ইমার্জিং নারী দল

বিশ্বজুড়ে তাণ্ডব চালাচ্ছে করোনাভাইরাস। এর প্রভাব পড়েছে ক্রীড়া জগতেও। করোনার দীর্ঘ বিরতির পর অবশেষে মাঠে নামছে বাংলাদেশ নারী দল। ওয়ানডে সিরিজ খেলতে বাংলাদেশ সফরে আসছে দক্ষিণ আফ্রিকা ইমার্জিং নারী দল।

দক্ষিণ আফ্রিকার উঠতি ক্রিকেটারদের দলটি আগামী এপ্রিলে পাঁচ ম্যাচের একদিনের সিরিজে বাংলাদেশ ইমার্জিং নারী দলের মুখোমুখি হবে। তবে প্রোটিয়াদের এই দলে জাতীয় দলের তরুণ কয়েকজনকে দেখা যেতে পারে।

গত মার্চে সবশেষ বাংলাদেশ নারী দল মাঠে নেমেছিল। অস্ট্রেলিয়ায় হওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপে শ্রীলঙ্কার বিপক্ষে। আর ইমার্জিং নারী দলের সবশেষ ম্যাচ ২০১৯ সালের অক্টোবরে, এশিয়ান ইমার্জিং কাপে।
আগামী ৪, ৬, ৮, ১১ ও ১৩ এপ্রিল সিরিজের পাঁচটি ম্যাচ হবে। সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে গড়াবে প্রতিটি ম্যাচ।

স্পিনের বিরুদ্ধে কীভাবে খেলতে হয়, তা ভারতে এসেই শিখেছি: রুট

অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সিরিজ জিতে ঘরের মাঠে ইংল্যান্ডের বিরুদ্ধে নামছে টিম ইন্ডিয়া, আর শ্রীলঙ্কার বিরুদ্ধে জয় পেলেও বিরাট কোহলিদের বিরুদ্ধে মাঠে নামার আগে বেশ সতর্ক রুটবাহিনী। ভারতের বিরুদ্ধে চার টেস্টের সিরিজে চিপকে শততম টেস্টের মাইলস্টোনে জো রুট।

ভারত-ইংল্যান্ড চার টেস্টের সিরিজ শুরু হচ্ছে আগামী ৫ ফেব্রুয়ারি। করোনাভাইরাসের কারণে চার টেস্টের সিরিজ হবে দু’টি ভেন্যুতে। সিরিজের প্রথম দু’টি টেস্ট হবে চিপকে। আর শেষ দু’টি টেস্ট হবে আমদদাবাদের মোতেরায়। কিন্তু সিরিজের প্রথম টেস্টই ইংল্যান্ড অধিনায়কের সেঞ্চুরি টেস্ট। ১৫তম ইংলিশ ম্যান হিসেবে শততম টেস্ট খেলতে নামছেন রুট।

৯ বছর আগে ভারতের বিরুদ্ধেই টেস্ট অভিষেক হয়েছিল রুটের। ২০১২ ভারত সফরে নাগপুরে টেস্ট অভিষেক হয়েছিল ডানহাতি ইংল্যান্ড ব্যাটসম্যানের। শুধু তাই নয়, রুট হাফ-সেঞ্চুরির মাইলস্টোন টেস্টও খেলেছিলেন ভারতের বিরুদ্ধে। ২০১৬ সালে ভাইজ্যাগে ভারতের বিরদ্ধেই ক্যারিয়ারের ৫০তম টেস্ট ম্যাচটি খেলেছিলেন রুট।

এর আগে, ইংল্যান্ডের ১৪ জন ক্রিকেটার শততম টেস্ট খেলেছে। সবচেয়ে বেশি টেস্ট খেলার রেকর্ড সাবেক ইংল্যান্ড অধিনায়ক অ্যালেস্টার কুকের। ১৬১টি টেস্ট খেলেছেন সাবেক এই বাঁহাতি ইংরেজ ব্যাটসম্যান। এছাড়াও সেঞ্চুরি টেস্ট খেলেছেন জেমস অ্যান্ডারসন (১৫৭), স্টুয়ার্ট ব্রড (১৪৪), অ্যালেক স্টুয়ার্ট (১৩৩), ইয়ান বেল (১১৮) এবং আরও ৯ জন ইংলিশ ম্যান।

মাইলস্টোন টেস্ট সম্পর্কে রুট জানান, ভারতের মাটিতেই বৃত্ত সম্পূর্ণ হওয়ায় দারুণ লাগছে। ২০১২ সালে এখানেই আমার টেস্ট অভিষেক হয়েছিল। সেটা ছিল আমার কাছে দারুণ অভিজ্ঞতা। স্পিনের বিরুদ্ধে কীভাবে খেলতে হয়, তা এখানেই শিখেছি। চেন্নাইয়ে ক্যারিয়ারের ১০০তম টেস্ট খেলতে পেরে দারুণ লাগছে। মাঠে নামার জন্য মুখিয়ে রয়েছি।

ভারতের মাটিতে এখনও পর্যন্ত ১৬টি টেস্ট খেলেছেন রুট। এর মধ্যে চারটি সেঞ্চুরি এবং ৯টি হাফ-সেঞ্চুরিসহ ১৪২১ রান রয়েছে তার ঝুলিতে। গড় ৫৬.৮৪। শুধু তাই নয়, এই শতকে ইংলিশ ব্যাটসম্যান হিসেবে ভারতের বিরুদ্ধে সর্বোচ্চ টেস্ট রান রয়েছে রুটের। তারপরে রয়েছেন কুক (১২৩৫) এবং কেভিন পিটারসেন (৭০৩)।

ভারতের বিরুদ্ধে টেস্ট সিরিজে নামার আগে স্বপ্নের ফর্মে রয়েছেন ইংল্যান্ড অধিনায়ক। দ্বীপরাষ্ট্রে দ্বিশতরান এবং ১৮৬ রানের ইনিংস খেলে বুঝিয়ে দিয়েছেন উপমহাদেশে ব্যাট করতে তৈরি হয়েই এসেছেন তিনি। শ্রীলঙ্কায় ২ টেস্টে রুটের সংগ্রহ ৪২৬ রান। লঙ্কার বাঁহাতি স্পিনার লাসিথ এমবুলদেনিয়া সিরিজে ১৫টি উইকেট নিলেও রুটকে বিপদে ফেলতে পারেননি।

ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ শুরু

ঝিনাইদহে শুরু হয়েছে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ। সোমবার সকালে সোতোকান কারাতে দো নামের একটি প্রতিষ্ঠানের আয়োজনে শহরের পৌরসভা চত্বরের টেনিস গ্রাউন্ডে এ প্রশিক্ষণের উদ্বোধন করেন জেলা ক্রীড়া অফিসার মাহবুবুর রহমান।

এসময় স্কুলটির পরিচালক কাজী আলী আহম্মেদ লিকুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

২ দিন ব্যাপী এই প্রশিক্ষণে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ২৯ জন শিক্ষার্থীকে আত্মরক্ষার নানা কৌশল শেখাবেন জাতীয় কারাতে প্রশিক্ষক জসিম উদ্দিন, জাতীয় কারাতে রেফারি মতিউর রহমানসহ স্থানীয় প্রশিক্ষকবৃন্দ।

এ প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের রক্ষার পাশাপাশি আত্মনির্ভরশীল হয়ে উঠবে বলে আশা আয়োজকরদের।

১১ এপ্রিল শুরু হতে পারে আইপিএল

আগামী ১১ এপ্রিল শুরু হতে পারে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল)। এর আগে চেন্নাইয়ে ১৮ ফেব্রুয়ারি আইপিএলের নিলাম অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। ফ্রাঞ্চাইজি এ টি-টোয়েন্টি টুর্নামেন্টের ফাইনাল হতে পারে ৫ অথবা ৬ জুন।

ভারতীয় গণমাধ্যম জানায়, ১১ থেকে ১৪ এপ্রিলের মধ্যে শুরু হতে পারে ২০২১ আইপিএলের মৌসুম। চলবে জুনের প্রথম সপ্তাহ পর্যন্ত।

করোনাভাইরাসের কারণে গতবার ভারতে আইপিএলের আয়োজন করা সম্ভব হয়নি। সেবার আইপিএলের ১৩তম আসর বসেছিল সংযুক্ত আরব আমিরাতে। তবে এবার ভারতীয় ক্রিকেট বোর্ড দেশে এই টি-টোয়েন্টি টুর্নামেন্টের আয়োজন করতে চায়।

নেইমারের দুই সতীর্থ করোনায় আক্রান্ত

করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন প্যারিস সেন্ট জার্মেইর (পিএসজি) দুই তারকা মার্কো ভেরাত্তি এবং আব্দু দিয়ালো। ফিরতি পিসিআর টেস্টে পজিটিভ রিপোর্ট আসার পর স্বেচ্ছা-আইসোলেশনে আছেন নেইমারের এই দুই সতীর্থ। শুক্রবার খবরটি নিশ্চিত করেছে লিগ ওয়ান চ্যাম্পিয়নরা।

পার্ক দে প্রিন্সেসের নতুন কোচ মাউরিসিও পচেত্তিনোর অধীনে টানা ষষ্ঠ ম্যাচে অপরাজিত থাকার লক্ষ্য নিয়ে রবিবার লিগে লরিয়েন্তের মুখোমুখি হবে পিএসজি। করোনায় আক্রান্ত হওয়ায় ম্যাচটিতে থাকছেন না ভেরাত্তি-দিয়ালো।

চলতি মৌসুমের ফ্রেঞ্চ লিগ ওয়ানে ২১ ম্যাচে ৪৫ পয়েন্ট নিয়ে তালিকার দ্বিতীয় স্থানে আছে পিএসজি। চ্যাম্পিয়নদের চেয়ে এক ম্যাচ বেশি খেলে ও এক পয়েন্ট বেশি নিয়ে শীর্ষে লিঁও। তবে নিঁমসকে হারাতে পারলে ২ পয়েন্ট এগিয়ে থেকে শীর্ষস্থান দখল করবে ৯ বারের লিগ চ্যাম্পিয়নরা।

করোনা: দর্শকহীন অলিম্পিক

আয়োজনের পরিকল্পনা

করোনার তাণ্ডবে লণ্ডভণ্ড বিশ্ব। আক্রান্ত ও মৃতের সংখ্যা বেড়েই চলেছে। এর প্রভাব পড়েছে ক্রীড়া জগতেও। যদি করোনা নিয়ন্ত্রণে না আসে তাহলে দর্শকশূন্য গ্যালারিতে হতে পারে টোকিও অলিম্পিক। গেমস আয়োজন করার যে সব বিকল্প রাস্তা ভেবে রেখেছে আয়োজক কমিটি- তার মধ্যে এটাও আছে।

আন্তর্জাতিক অলিম্পিক কমিটির প্রেসিডেন্ট টমাস বাখ প্রতিদিনই ভিডিও কনফারেন্স করছেন টোকিও গেমসের দায়িত্ব থাকা কমিটির সদস্যদের সঙ্গে। সেই সভাতেই এই ইঙ্গিত দিয়েছেন টমাস।

টোকিও গেমসের আয়োজক কমিটির প্রেসিডেন্ট ইওশিরো মোরি যা নিয়ে বলেছেন, ‘আমরা সব রকম চেষ্টা করছি। ব্যক্তিগতভাবে আমি মনে করি, গ্যালারি দর্শকশূন্য করে গেমস হতে পারে না। কিন্তু পরিস্থিতি সে দিকেও গড়াতে পারে। আইওসির প্রেসিডেন্টও এই কথাই বলছেন।’

একটা ব্যাপার নিশ্চিত করে দেওয়া যেতে পারে, অলিম্পিক আর কোনভাবেই পিছবে না। আগামী মাসে পাখ, টোকিও গভর্নর ইউরিকো কোইরি, অলিম্পিকমন্ত্রী সেইকো হাসিমোতো ও মোরি বৈঠকে বসবেন। ওই সভাতেই পরিষ্কার হয়ে যাবে সব। মোরির কথায়, ‘পরিস্থিতি এখনও জটিল। তবে তার মধ্যে কীভাবে গেমস আয়োজন করা যায়, তার সমস্ত পথ আমরা খতিয়ে দেখার চেষ্টা করছি।

এই পরিস্থিতিতেই আয়োজক কমিটির সিইও তোশিহিরো মুতো বলেছেন, ‘অতিমারির মধ্যে সুরক্ষিত গেমস আয়োজন করার আপ্রাণ চেষ্টা করা হচ্ছে। আর তার জন্য আমরা লড়াই চালিয়ে যাচ্ছি।’ আয়োজকরা যাই বলুন না কেন, অলিম্পিক নিয়ে কিন্তু আশা ও আশঙ্কা দুই-ই বাড়ছে।

আলমডাঙ্গার কুলপালায়

ব্যাডমিন্টন টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত

মুজিব শতবর্ষ উপলক্ষে কুলপালা গ্রামে ব্যাডমিন্টন খেলার ফাইনাল ম্যাচ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক মেয়র এবং চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়াদ্দার টোটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার অফিস ইনচার্জ আলমগীর কবির, মেহেরপুর সদর থানা অফিস ইনচার্জ শাহ দারা খান, চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শাহ আব্দুল বাতেন,কুলপালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক আক্তার হোসেন, চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগ যুগ্ম-সাধারণ সম্পাদক সাহ আল- ইমরান।

উক্ত খেলায় জয়ী হয় চিৎলা গ্রামের খেলোয়াড়রা এবং রানার্সআপ হয় চিৎলা গ্রামের খেলোয়ারাই।

জীবননগরের হাসাদাহে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ

জীবননগর উপজেলার হাসাদাহে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকাল ৩ ঘটিকার সময় হাসাদাহ বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গণে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

উক্ত ফাইনাল খেলায় অংশগ্রহণ করে ঝিনাইদহ বিষয়খালী ফুটবল একাদশ ও জীবননগর খেলোয়াড় কল্যাণ সমিতি ফুটবল একাদশ। উক্ত খেলায় জীবননগর খেলোয়াড় কল্যাণ সমিতিকে দুই এক গোলে পরাজিত করে ঝিনাইদহ